

গবেষণায় অংশগ্রহণের জন্য পিতামাতার অনুমতি

একটি গবেষণা অধ্যয়নে অংশগ্রহণের জন্য আপনার সন্তানকে অনুমতি দিতে আপনাকে অনুরোধ করা হচ্ছে। আপনি সম্মত হওয়ার আগে, আপনাকে অবশ্যই গবেষণা অধ্যয়নটির একটি সারসংক্ষেপ প্রদান করা হবে। আপনার সন্তান গবেষণাটিতে যুক্ত হোক বলে কেন আপনি চাইতে বা না চাইতে পারেন সেই কারণগুলো বুঝতে আপনাকে সাহায্য করার জন্য, এই সারসংক্ষেপে অবশ্যই মূল তথ্যগুলো থাকবে।

আপনি সম্মত হওয়ার আগে, তদন্তকারী আপনাকে অবশ্যই যেসব বিষয় সম্পর্কে বলবেন:

- (i) গবেষণার উদ্দেশ্য, পদ্ধতি এবং সময়কাল;
- (ii) পরীক্ষামূলক যেকোনো পদ্ধতি;
- (iii) গবেষণাটির যুক্তিসঙ্গতভাবে পূর্বানুমানযোগ্য যেকোনো ঝুঁকি, অস্বচ্ছন্দতা এবং সুবিধা;
- (iv) যেকোনো সম্ভাব্য উপকারী বিকল্প পদ্ধতি বা চিকিৎসা; এবং
- (v) কিভাবে গোপনীয়তা বজায় রাখা হবে; এবং
- (vi) প্রশ্ন, অভিযোগ এবং আঘাত নিয়ে কার সাথে যোগাযোগ করতে হবে।

প্রয়োজ্য ক্ষেত্রে, তদন্তকারী আপনাকে অবশ্যই আরো যা সম্পর্কে বলবেন:

- (i) আঘাতপ্রাপ্ত হলে পাওয়া যাবে এমন যেকোনো ক্ষতিপূরণ বা মেডিকেল চিকিৎসা;
- (ii) অনাকাঙ্ক্ষিত ঝুঁকির সম্ভাবনা;
- (iii) এমন পরিস্থিতিসমূহ যখন তদন্তকারী আপনার সন্তানের অংশগ্রহণ স্থগিত করতে পারেন;
- (iv) আপনার বা আপনার সন্তানের যেকোনো অতিরিক্ত খরচ;
- (v) আপনি যদি আপনার সন্তানের অংশগ্রহণ বন্ধ করার সিদ্ধান্ত নেন তাহলে কী হবে;
- (vi) যখন আপনাকে নতুন প্রাপ্ত ফলাফলগুলো সম্পর্কে বলা হবে যা হয়তো আপনার সন্তানকে অংশগ্রহণের অনুমতি দেওয়ার ক্ষেত্রে আপনার ইচ্ছাকে প্রভাবিত করতে পারে;
- (vii) গবেষণায় কতজন মানুষ থাকবে; এবং
- (viii) গবেষণার জন্য কীভাবে আপনাকে আপনার সন্তানের চিকিৎসা সংক্রান্ত তথ্য ব্যবহারের অনুমোদন দিতে হবে।

এই গবেষণায় আপনার সন্তানের অংশগ্রহণ স্বৈচ্ছাধীন, এবং আপনি যদি আপনার সন্তানকে অংশগ্রহণ করার অনুমতি দিতে অস্বীকার করেন অথবা তার অংশগ্রহণ বন্ধ করার সিদ্ধান্ত নেন তাহলে আপনার সন্তানের কোনো দণ্ড হবে না বা সুবিধা হারাতে না। এই ডকুমেন্টে স্বাক্ষর করার অর্থ হলো, উপরের তথ্য সহ গবেষণা অধ্যয়নটি আপনার কাছে মৌখিকভাবে বর্ণনা করা হয়েছে এবং আপনি আপনার সন্তানকে অংশগ্রহণ করার অনুমতি দিতে স্বৈচ্ছায় সম্মত হয়েছেন। আপনি যদি আপনার সন্তানকে অংশগ্রহণ করার অনুমতি দিতে সম্মত হন, তাহলে আপনাকে অবশ্যই এই ডকুমেন্টের একটি স্বাক্ষরিত কপি এবং ইংরেজিতে গবেষণাটির একটি লিখিত সারাংশ দেওয়া হবে।

প্রশ্ন?

এই গবেষণাটি সম্পর্কে আপনার যদি প্রশ্ন, অভিযোগ, আঘাত বা উদ্বেগ থেকে থাকে, তাহলে আপনি গবেষণাটির লিখিত সারাংশে থাকা ফোন নম্বরগুলো ব্যবহার করে তদন্তকারীর সাথে যোগাযোগ করতে পারেন। যদি গবেষণায় অংশগ্রহণকারী একজন হিসেবে আপনার সন্তানের অধিকার সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকে, অথবা আপনার যদি এমন কোনো প্রশ্ন, অভিযোগ বা উদ্বেগ থাকে যেগুলো আপনি তদন্তকারীর সাথে আলোচনা করতে পারবেন বলে আপনার মনে না হয়, তাহলে অনুগ্রহ করে গবেষণাটির লিখিত সারাংশে থাকা ফোন নম্বর বা ইমেইল অ্যাড্রেস ব্যবহার করে ইউনিভার্সিটি অব ইউটা ইনস্টিটিউশনাল রিভিউ বোর্ড অফিস -এ যোগাযোগ করুন।

শিশুর নাম

মা-বাবা/অভিভাবকের নাম

মা-বাবা/অভিভাবকের স্বাক্ষর

তারিখ

শিশুর সাথে মা-বাবা/অভিভাবকের সম্পর্ক

আমি নিশ্চিত করছি যে, এই গবেষণা অধ্যয়নের জন্য সম্মতি প্রক্রিয়ার সময়কালে আমি একজন দোভাষী হিসেবে উপস্থিত ছিলাম। আমি নিশ্চিত করছি যে, মা-বাবা/অভিভাবকের ভাষা ও ইংরেজির মধ্যকার অনুবাদ প্রদানের জন্য আমি যোগ্য এবং আমার প্রয়োজনীয় দক্ষতা রয়েছে। এই ফর্মে স্বাক্ষর করার মাধ্যমে, আমি নিশ্চিত করছি যে আমি আমার সামর্থ্য অনুযায়ী, সম্মতি গ্রহণকারী গবেষক এবং অংশগ্রহণকারীর মা-বাবা/অভিভাবকের মধ্যকার কথার আদান-প্রদানের পুরোপুরি এবং সম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করেছি।

দোভাষীর নাম

দোভাষীর স্বাক্ষর

তারিখ

গুরুত্বপূর্ণ: আইআরবি কর্তৃক অনুরোধ না করা পর্যন্ত 2য় মা-বাবার জন্য নিম্নলিখিত স্বাক্ষরের ব্লক অন্তর্ভুক্ত করা উচিত নয়।

2য় মা-বাবা/অভিভাবকের নাম

2য় মা-বাবা/অভিভাবকের স্বাক্ষর

তারিখ

শিশুর সাথে 2য় মা-বাবা/অভিভাবকের সম্পর্ক

দ্বিতীয় মা-বাবা/অভিভাবকের কাছ থেকে অনুমতি নেওয়া যাবে না কারণ (অনুগ্রহ করে পরিস্থিতির সাথে যেটি প্রযোজ্য সেটিতে টিক চিহ্ন দিন, 45 CFR 46.408):

- মা-বাবা/অভিভাবক মৃত।
- মা-বাবা/অভিভাবক অজানা।
- মা-বাবা/অভিভাবক অযোগ্য।
- মা-বাবা/অভিভাবককে যখন তখন পাওয়া যাবে না।

- শুধুমাত্র একজন মা-বাবার সন্তানের তত্ত্বাবধান ও হেফাজতের আইনি দায়িত্ব রয়েছে